

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৫৮.১৯/২২৬০/৫

তারিখ: ২৫/০৮/১৪২৬ বঙ্গাব্দ
৩০/০৭/২০১৯ খ্রিস্টাব্দ


বিষয়: কারণ দর্শানো।

- সূত্র: ১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭০.০৮.০০৪.২০১৭-৩০৩, তারিখ: ৩১/৭/২০১৭খ্রি।
২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৩.২০১০-১৬২, তারিখ: ১৮/৬/২০১৯খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার সদর উপজেলাধীন শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজের অধ্যক্ষ জনাব এ কে এম তফিকুল ইসলামের অবৈধ নিয়োগ ও দুর্নীতির বিষয়ে কলেজটির উপাধ্যক্ষ জনাব মো: সুরঞ্জামান কর্তৃক অভিযোগ তদন্তপূর্বক প্রয়োজনীয় গ্রহণের জন্য মন্ত্রণালয় সূত্রোক্ত পত্র-১ প্রেরণ করেন।

তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, অধ্যক্ষ জনাব এ কে এম তফিকুল ইসলাম জ্যেষ্ঠ না হওয়া সত্ত্বেও ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব গ্রহণ, ভূয়া নিবন্ধন সনদ এর মাধ্যমে প্রভাষক(রাষ্ট্রবিজ্ঞান) জনাব বুনু রানী ঘোষ নিয়োগ প্রদান, ২০১৫ সালে বিধিবিহীনভাবে শিক্ষক নিয়োগ প্রদান এবং সরকারি পরিপত্র বহির্ভূতভাবে পরীক্ষার ফি বন্টন করেন।

এমতাবস্থায়, জনবল কাঠামোর ১৮(১)(খ) ধারা অনুযায়ী আপনার এমপিও কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না তার কারণ দর্শানোর জবাব আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ না করলে আপনার কোন মতামত নেই বলে বিবেচিত হবে।



(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: ncollege@dshe.gov.bd



জনাব এ কে এম তফিকুল ইসলাম
অধ্যক্ষ
শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজ
সদর, জামালপুর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজ, সদর, জামালপুর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, জামালপুর।
- ৫। সংরক্ষণ নথি।